১৫৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN...4 .. 1999 ...
পৃঃ ৩ কলাম ৫...

# সোহরাওয়ার্দী কলেজ ছাত্র সংসদের জিএস বহিষ্কৃত

পিরোজপুর অফিস ॥ পিরোজপুরের সরকারী সোহরাওয়ার্দী কলেজ ছাত্র সংসদের সাধারণ সম্পাদককে গুরুতর অভিযোগে কলেজ হইতে বহিষ্কার এবং সংসদের সদস্যপদ বাতিল করা হইয়াছে। গত ২৯শে মে কলেজ কর্তৃপক্ষের জারিকৃত এক

(৭ম পৃঃ দ্রঃ)

## সোহরাওয়ার্দী কলেজ ছাত্র

(৩য় পৃঃ পর)

অফিস আদেশে জানা যায়, নাসিরউদ্দিন সিকদার (সাগর) ছাত্র সংসদের জিএস হিসাবে কলেজের শিক্ষার পরিবেশ ও আইন-শৃংখলা বিনষ্ট করিয়াছে।

কলেজ শিক্ষক পরিষদের সিদ্ধান্ত, একাডেমিক কাউন্সিলের সুপারিশ, শৃংখলা কমিটির সুপারিশ ও ছাত্র সংসদের ভারপ্রাপ্ত অধ্যাপকগণের সুপারিশক্রমে বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়। ইহাছাড়া নাসিরউদ্দিন সাগরের বিরুদ্ধে কলেজের পক্ষ হইতে থানায় এতদসংক্রান্ত তিনটি মামলা রুজু করা হইয়াছে। বর্তমানে সে পলাতক। ছাত্রলীগের মনোনয়নে সাগর জিএস নির্বাচিত হইয়াছিল।